

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারিগরি শিক্ষা অধিদপ্তর

এফ-৪ বি, আগারগাঁও, প্র/এ

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

ওয়েব সাইট : www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০১৭-২৭৫

তারিখঃ ০৩/০৪/২০১৭খ্রিঃ

বিষয়ঃ ৪ কৈফিয়ত তলব প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে তাঁর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকাস্থ মহানগর কারিগরি টেকনিক্যাল স্কুল ও কলেজ গত ২৩/০৩/২০১৭খ্রিঃ তারিখ সকাল ১০:৩০ ঘটিকায় অত্র দণ্ডের পরিচালক(ভোকেশনাল) ও সহকারী পরিচালক আকস্মিক পরিদর্শন করেন।

- ২। পরিদর্শন কালে তার প্রতিষ্ঠানে নবম শ্রেণিতে ২১ জন এবং দশম শ্রেণিতে ০৬ জন ছাত্র-ছাত্রী উপস্থিত পাওয়া যায়। এইচএসসি একাদশ ও দ্বাদশ শ্রেণিতে কোন ছাত্র-ছাত্রী উপস্থিত পাওয়া যায়নি। ছাত্রীদের হাজিরা খাতা, ক্লাশ রুটিন, ক্লাশ টেস্ট, কুইজ টেস্ট, জবশীট, জব, বর্ষমাত্র ও সমাপনী পরীক্ষার কোন তথ্য পাওয়া যায়নি।
- ৩। বোর্ড নির্ধারিত চলতি শিক্ষাবর্ষের টেক্সবই নবম/দশম শ্রেণির ছাত্র-ছাত্রীদের মাঝে বিতরণ করা হয়নি। তাদের নিকট বিভিন্ন গাইড/নোটবই দেখা যায়। ভর্তির সময় ছাত্র-ছাত্রীদের নিকট হতে আইডি কার্ডের জন্য টাকা নেয়া হলেও আইডি কার্ড বিতরণ করা হয়নি। নিয়মিত পাঠদানের জন্য প্রয়োজনীয় শ্রেণিকক্ষ, ল্যাব/শপ নেই। ছাত্র-ছাত্রীদের বোর্ড নির্ধারিত সিলেবাস ও রুটিন অনুসরণ করে তাক্তিক ও ব্যবহারিক ক্লাশ যথাযথ ভাবে পরিচালনা করা হয় না। প্রতিষ্ঠানে একজন লাইব্রেরিয়ান এমপিও ভুক্ত থাকলেও তিনি কি দায়িত্ব পালন করেন বা লাইব্রেরি হতে শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের মাঝে আদৌ কোন বই বিতরণ করা হয়েছে কিনা তার কোন তথ্য পাওয়া যায়নি।
- ৪। সকাল ১০:৩০ ঘটিকা হতে দুপুর ১২:৩০ ঘটিকা পর্যন্ত ৬/৭ জন শিক্ষক-কর্মচারীর উপস্থিতি দেখা যায়। প্রতিষ্ঠানের অধ্যক্ষের সাথে মোবাইলে কথা বলার পরও তিনি অফিসে উপস্থিতি হননি। এসএসসি(ভোকেশনাল) শাখার ১৩ জন এবং এইচএসসি(বিএম) শাখার ১১ জন শিক্ষক-কর্মচারী বেতন ভাতার সরকারি অংশ গ্রহণ করছেন। শিক্ষক-কর্মচারীর তুলনায় ছাত্র-ছাত্রীর সংখ্যা নগন্য। অত্র কার্যালয়ে বর্ণিত রেকর্ডপত্র পর্যালোচনা করে দেখা যায় তার প্রতিষ্ঠানে ভোকেশনাল শাখায় ০৪টি এবং বিএম শাখায় ০৪টি সর্বমোট ০৮টি ট্রেডে পাঠদান করা হয়। বোর্ডের বিধান এবং এমপিও এর শর্ত অনুযায়ী তার প্রতিষ্ঠানে কমপক্ষে ৪৮০ জন ছাত্র-ছাত্রী ভর্তি/উপস্থিতি থাকার কথা এবং কমপক্ষে ৩২০ জন ছাত্র-ছাত্রীর বোর্ড সমাপনি পরীক্ষায় অংশ গ্রহণ করার বিধান রয়েছে। কিন্তু কারিগরি শিক্ষা বোর্ড হতে প্রাপ্ত বিগত বৎসর গুলোর বোর্ডের পরীক্ষায় অংশ গ্রহণ, পরীক্ষায় পাশের সংখ্যা ও ফলাফল, ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা ইত্যাদি পর্যালোচনা করে দেখা যায়, তার প্রতিষ্ঠান ২০০৪ সাল হতে অন্য পর্যন্ত এমপিও পাওয়ার প্রয়োজনীয় শর্ত পূরণ করতে ব্যর্থ হয়েছেন।
- ৫। প্রতিষ্ঠালগ্ন হতে অত্র প্রতিষ্ঠানের অধ্যক্ষের পদ শুন্য। এছাড়া অফিস সহকারী কাম-হিসাব সহকারী পদও খালি। তা সত্ত্বেও শুধুমাত্র একজন শিক্ষককে নিয়োগ দেয়া উদ্দেশ্যমূলক।
- ৬। প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী ভর্তি, ফরম পুরণ, ফলাফল এবং প্রতিষ্ঠানের আয়-ব্যয়ের হিসাব সংক্রান্ত তথ্যাদির কোন তথ্য পাওয়া যায়নি। জানা যায় যে, ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিজেই ছাত্র-ছাত্রীদের ভর্তি, বেতন ও পরীক্ষা ফি সংক্রান্ত যাবতীয় অর্থ গ্রহণ করেন। এ সংক্রান্ত আয় থেকে অন্যান্য শিক্ষকদের কোন অর্থ প্রদান করা হয় না।
- ৭। এমতাবস্থায়, তাঁর প্রতিষ্ঠানের প্রশাসনিক, আর্থিক ও একাডেমিক অব্যবস্থাপনা এবং অনিয়মের জন্য শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারী অংশ (এমপিও) কেন স্থগিত করা হবে না তা পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে অত্র দণ্ডে উপর্যুক্ত প্রমানকসহ ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করা হল।

স্বাক্ষরিত/-

(ড. মোঃ মুরুগল ইসলাম)

পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপকঃ

অধ্যক্ষ

মহানগর কারিগরি স্কুল ও কলেজ

ডি-১১১/১১২, মহানগর প্রজেষ্ট, ওয়াপদা রোড,

পশ্চিম রামপুরা, ঢাকা-১২১৯।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০১৭- ২৭৫(১০)

তারিখঃ ০৩/০৪/২০১৭খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১। সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃষ্টি আকর্ষণ যুগ্ম-সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা)।

২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (বর্ণিত বিষয়ে উপর্যুক্ত কর্মকর্তার মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সরেজমিনে তদন্ত করে অন্তিমিলম্বে অত্র দণ্ডে প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হল।)

৩। জেলা প্রশাসক, ঢাকা।

৪। পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।

৫। উপ-সচিব (কারিগরি-১/২), কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।

৭। সভাপতি, মহানগর কারিগরি স্কুল ও কলেজ, ডি-১১১/১১২, মহানগর প্রজেষ্ট, ওয়াপদা রোড, পশ্চিম রামপুরা, ঢাকা-১২১৯।

✓ ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রত্রিত ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল)।

৯। পি.এ. টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০। সংরক্ষণ নথি।

১০/৪/২০১৭
(মোহাম্মদ আতিকুর ইহমান)

সহকারী পরিচালক (এমপিও)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।